**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 23-02-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেন, রাজ্য সরকারের উন্নয়ন পরিকল্পনায় অন্যতম উদ্দেশ্য সুস্থায়ী ও অন্তর্ভুক্তিমূলক নগরায়ণ।**

**(২) ত্রিপুরা সড়ক পরিবহন নিগমের উদ্যোগে আগামীকাল থেকে পুন:রায় আনুষ্ঠানিকভাবে আগরতলা থেকে ঢাকা হয়ে কলকাতা পর্যন্ত যাত্রীবাহী বাস পরিষেবা শুরু হচ্ছে |**

**(৩) ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত এবছরের উচ্চ মাধ্যমিক পরীক্ষা আগামী ২৫ ফেব্রুয়ারি ও মাধ্যমিক পরীক্ষা ২৬ ফেব্রুয়ারি থেকে শুরু হচ্ছে |**

**(৪) কেন্দ্রীয় সমবায় মন্ত্রী অমিত শাহ নতুন দিল্লিতে ভারত ট্যাক্সির চালক, সারথিদের সঙ্গে মতবিনিময় করেছেন।**

**(৫) স্বরাষ্ট্র মন্ত্রক আজ ভারতের নতুন জাতীয় সন্ত্রাস দমন নীতি এবং কৌশল →PRAHAR→ প্রকাশ করেছে।**

*****************************************************

**CM:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেন, রাজ্য সরকারের উন্নয়ন পরিকল্পনায় অন্যতম উদ্দেশ্য সুস্থায়ী ও অন্তর্ভুক্তিমূলক নগরায়ণ। আজ আগরতলা পুরনিগমের অন্তর্গত প্রতাপগড়ের ৪৩ নম্বর ওয়ার্ডের ঋষি কলোনিতে পুকুরের সংস্কার ও সৌন্দর্য্য উন্নয়নে কাজের উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন, রাজ্য সরকার আগরতলা শহর সহ রাজ্যের নগর এলাকাগুলির এবং

প্রান্তিক এলাকাগুলির সমন্বিত উন্নয়নের লক্ষ্যে পরিকল্পিতভাবে কাজ করে চলছে। রাস্তা, পয়প্রণালী ব্যবস্থা, বিশুদ্ধ পানীয় জল সরবরাহ, পার্ক তৈরী, আবাসন প্রকল্প সব ক্ষেত্রেই কাজ চলছে। একসময় বৃহত্তর আগরতলা সহ রাজ্যের বিভিন্ন জায়গার জলাশয়গুলি সংস্কারের অভাবে অস্বাস্থ্যকর অবস্থায় ছিল। সেগুলোকে পুনরুজ্জীবিত করে ভবিষ্যৎ প্রজন্মের জন্য সংরক্ষণ করা সরকারের দায়িত্ব। মুখ্যমন্ত্রী বলেন, শহরের প্রকৃত উন্নয়ন কেবল রাস্তা, ভবন বা আলোকসজ্জায় সীমাবদ্ধ নয়। বরং পরিবেশ সংরক্ষণ, জলসম্পদ রক্ষা, প্রাকৃতিক ভারসাম্য রক্ষা, নাগরিকদের জন্য স্বাস্থ্যকর ও নান্দনিক জনপরিসর গড়ে তোলাই উন্নয়নের প্রকৃত মানদন্ড।

মুখ্যমন্ত্রী বলেন, বর্তমানে ত্রিপুরায় প্রায় ১৩০০ কোটি টাকার বিভিন্ন প্রকল্পের কাজ চলছে। আর্থিকভাবে দুর্বল অংশের মানুষের জন্য লাইট হাউজ প্রকল্প নির্মাণের কাজ চলছে। প্রধানমন্ত্রী আবাস যোজনা (আরবান) ২য় পর্বে রাজ্য ৮১,০৪২টি বাড়ি নির্মাণের অনুমোদন পাবার পর এখন পর্যন্ত ৭৪ হাজার ৮৮০টি বাড়ির কাজ সম্পূর্ণ হয়েছে।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন, আগরতলা পুরনিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, পুরনিগমের ডেপুটি মেয়র মনিকা দাস দত্ত। আগরতলা পুরনিগমের ভারপ্রাপ্ত কমিশনার মিহির কান্তি গোপ।

****************************

## Agartala-Kolkata Bus Service:

ত্রিপুরা সড়ক পরিবহন নিগমের উদ্যোগে আগামীকাল থেকেই পুন:রায় আনুষ্ঠানিকভাবে আগরতলা থেকে ঢাকা হয়ে কলকাতা পর্যন্ত যাত্রীবাহী বাস পরিষেবা শুরু হচ্ছে| নিগমের ভারপ্রাপ্ত চেয়ারম্যান সমর রায় আজ আকাশবাণীকে এখবর জানিয়ে বলেন আগামীকাল সকাল সাড়ে নয়টায় ত্রিপুরা

সড়ক পরিবহন নিগমের যাত্রীবাহী বাস- মৈত্রী আগরতলা থেকে ঢাকা হয়ে কলকাতার উদ্দেশ্যে যাত্রা করবে| তাছাড়া, আগামীকালই নিগমের আরও একটি যাত্রীবাহী বাস- মৈত্রী কলকাতা থেকে ঢাকা হয়ে আগরতলা স্থলবন্দরে পৌঁছবে সকাল প্রায় এগারোটা নাগাদ| সেখানে ত্রিপুরা সড়ক পরিবহন নিগমের পক্ষ থেকে কলকাতা ও বাংলাদেশ থেকে আগত যাত্রীদের স্বাগত জানানো হবে|

***************************

**TBSE :**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত এবছরের উচ্চ মাধ্যমিক পরীক্ষা আগামী ২৫ ফেব্রুয়ারি থেকে শুরু হচ্ছে। ২৬ ফেব্রুয়ারি থেকে শুরু হবে মাধ্যমিক পরীক্ষা। পর্ষদ সভাপতি ড. ধনঞ্জয় গণ চৌধুরী আজ এখবর জানিয়ে বলেন, এবছর মাধ্যমিক পরীক্ষায় মোট পরিক্ষার্থীর সংখ্যা ৩২ হাজার ৪ জন। এরমধ্যে ছাত্র ১৪ হাজার ৬২৯ জন ছাত্র এবং ১৭ হাজার ৩৭৫ জন ছাত্রী। মাদ্রাসা আলিম পরিক্ষার্থীর সংখ্যা ১৫৫ জন। এবছর উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীর সংখ্যা ২৬ হাজার ৪১১জন। এদের মধ্যে ছাত্র ১২ হাজার ২৪৬ জন এবং ছাত্রী ১৪ হাজার ১৬৪ জন। তৃতীয় লিঙ্গের পরীক্ষার্থী রয়েছেন একজন। মাদ্রাসা ফাজিল পরীক্ষার্থীর সংখ্যা ৮৫ জন।

***************************

**M.P Kriti Devi Debbarman:**

সাংসদ কৃতি দেবী দেববর্মণ এর পৌরহিত্যে আজ কৈলাশহরের গৌরনগর ব্লক কার্যালয়ে প্রশাসনিক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে উপস্থিত ছিলেন, গৌরনগর পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন লক্ষ্মী নমঃ, ভাইস-চেয়ারম্যান নবারুণ চক্রবর্তী প্রমুখ|

বৈঠকে সংশ্লিষ্ট ব্লক এলাকার উন্নয়নমূলক কাজকর্মের পর্যালোচনা করা হয়। বৈঠকে স্থানীয় জনপ্রতিনিধিরা গ্ৰামীণ বাজারগুলোতে সৌরবাতির ব্যবস্থা করা ও হাতির জন্য সেল্টার হাউস স্থাপনের প্রয়োজনীয়তার কথা উল্লেখ করেন।

****************************

**Sushanta Chowdhury:**

খাদ্য ও জনসংভরণ দপ্তরের মন্ত্রী সুশান্ত চৌধুরী আজ সচিবালয়ে চলতি মরশুমে ধান ক্রয় প্রক্রিয়াকে আরও সুসংগঠিত ও ত্বরান্বিত করতে পর্যালোচনা বৈঠক করেন। বৈঠকে মন্ত্রী চৌধুরী উল্লেখ করেন যে, রাজ্য সরকার প্রতি বছর কৃষকদের সুবিধার্থে সরাসরি তাদের কাছ থেকে ধান সংগ্রহ করে। তিনি বলেন, দেশ ও রাজ্যে খাদ্যশস্যের মজুদ বৃদ্ধি এবং বাজার মূল্য নিয়ন্ত্রণের জন্য প্রতি মরসুমে ধান সংগ্রহ করা হয়। এই লক্ষ্য অর্জনের জন্য, প্রতিটি জেলা এবং মহকুমাকে এই বছর ধান সংগ্রহের জন্য প্রয়োজনীয় নির্দেশ প্রদান করা হয়েছে। বৈঠকে তিনি অধিকারিকদের অন্যান্য বছরের তুলনায় এই মরসুমে বেশি ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা নির্ধারণের নির্দেশ দেন। পাশাপাশি, অধিকারিকদের তিনি নির্দেশ দেন যাতে কৃষকরা তাদের ধান বিক্রি করার সময় কোনও অসুবিধার সম্মুখীন না হন। বৈঠকে খাদ্য দপ্তরের বিশেষ সচিব রাভেল হেমেন্দ্র কুমার সহ, অন্যান্য আধিকারিকরা উপস্থিত ছিলেন।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং

টুাইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুাইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

****************************

**Amit Shah:**

কেন্দ্রীয় সমবায় মন্ত্রী অমিত শাহ নতুন দিল্লিতে ভারত ট্যাক্সির চালক, সারথিদের সঙ্গে মতবিনিময় করেছেন। আজ প্রকাশিত একটি ভিডিওতে, শ্রী শাহ বলেছেন যে ভারত ট্যাক্সি সমবায় চালকদের তাদের কাজের মালিকানা প্রদানের মাধ্যমে ক্ষমতায়ন করবে। মন্ত্রী আরও বলেন যে এই উদ্যোগটি চালকদের কল্যাণ এবং যাত্রীদের নিরাপত্তার জন্য একটি প্ল্যাটফর্ম হয়ে উঠছে। শ্রী শাহ বলেন যে ভারত ট্যাক্সিতে কোনও গোপন বিষয় থাকবে না এবং সারথিদের কাছে প্রতিটি তথ্য বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে। তিনি উল্লেখ করেন যে সমবায় ট্যাক্সি পরিষেবা ভারত ট্যাক্সি বিশ্বের সবচেয়ে স্বচ্ছ ক্যাব পরিষেবা হয়ে উঠবে।

ভারত ট্যাক্সির অনন্য সারথি দিদি উদ্যোগের কথা তুলে ধরে মন্ত্রী বলেন যে এই বৈশিষ্ট্যের মাধ্যমে মহিলা যাত্রীরা তাদের যাত্রার জন্য মহিলা চালক বেছে নিতে পারবেন।

########byte Amit Shah########

****************************

**PRAHAR:**

স্বরাষ্ট্র মন্ত্রক আজ ভারতের নতুন জাতীয় সন্ত্রাস দমন নীতি এবং কৌশল →PRAHAR→ প্রকাশ করেছে। এই কৌশলটি সন্ত্রাসী হুমকি প্রতিরোধ এবং মোকাবেলায় সক্রিয় পদ্ধতি ব্যবহার করে ক্রমবর্ধমান সন্ত্রাসী হুমকি মোকাবেলার জন্য একটি বিস্তৃত কাঠামোর রূপরেখা তৈরি করেছে। মন্ত্রক এক বিবৃতিতে জানিয়েছে, হুমকির প্রকৃতি পরিবর্তিত হচ্ছে এবং নতুন চ্যালেঞ্জ আসছে, তবুও ভারত সব ধরনের সন্ত্রাসবাদের বিরোধিতা করে চলেছে। এতে বলা হয়েছে যে ভারত সর্বদা সন্ত্রাসবাদের শিকারদের পাশে দাঁড়িয়েছে এবং তার বিশ্বাসে অটল রয়েছে যে বিশ্বে সহিংসতার কোনও যুক্তিসঙ্গত কারণ থাকতে পারে না। মন্ত্রক উল্লেখ করেছে যে এই নীতিগত পদ্ধতি সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারতের শূন্য সহনশীলতার নীতিকে নির্দেশ করে।

****************************

**package story-Autologous Blood Transfusion:**

চিকিৎসা বিজ্ঞানে স্ব-রক্ত সঞ্চালন বা অটোলোগাস ব্লাড ট্রান্সফিউশনের (Autologous Blood Transfusion) অনন্য কৌশলটির পরিষেবা এই রাজ্যেও সম্প্রতি শুরু হয়েছে| ফলে রাজ্যে চিকিৎসা বিজ্ঞানের অগ্রগতির ক্ষেত্রে নিশ্চিত হয়ে যাচ্ছে এক নতুন দিগন্ত উন্মোচন| শুনুন এই নিয়ে একটি প্রতিবেদন |

##########V/O##########

****************************

**Silk Workshop:**

চাকমাঘাট কমিউনিটি হলে আজ থেকে ছয় দিনব্যাপী তাঁত ও রেশম চাষের দক্ষতা বৃদ্ধি প্রশিক্ষণ শিবির শুরু হয়েছে। শিবিরের আনুষ্ঠানিক উদ্বোধন করেন জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা। হস্ততাঁত, হস্তকারু ও রেশম চাষ দপ্তর-এর উদ্যোগে দ্বিতীয় পর্বেও 'সিল্ক সমগ্র প্রকল্পের অধীনে এই কর্মসূচির আয়োজন

করা হয়েছে। প্রকল্পের মূল লক্ষ্য স্থানীয় তাঁতি ও রেশম চাষিদের হাতে-কলমে প্রশিক্ষণের মাধ্যমে আত্মনির্ভর করে তোলা এবং তাঁদের আয়ের নতুন দিগন্ত উন্মোচন করা।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন খোয়াই জিলা পরিষদের সদস্য রঞ্জিত সরকার| মোট ৯২ জন অংশগ্রহণকারী এই প্রশিক্ষণ শিবিরে যোগ দিয়েছেন।

****************************

**Weather:**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৬.৮ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

****************************

****************************